



## বাংলা কৃষি সেচ যোজনা (BKSY) কৃষি বিভাগ

### প্রকল্পটি কি -

এটি বাংলা কৃষি সেচ যোজনা প্রকল্প। এই প্রকল্প দক্ষতার সাথে জল সংরক্ষণ ও তার কার্যকর ব্যবহার করে জমির উৎপাদনশীলতা বজায় রাখে এবং ভবিষ্যতের জন্য টেকসই কৃষি ব্যবস্থাকে সুনিশ্চিত করে। সময়মত জলের পরিমিত ব্যবহার সম্পর্কে কৃষকদের সচেতনতা বৃদ্ধি ও আধুনিক পদ্ধতিতে জলের সঠিক মাত্রায় ব্যবহার করা এই প্রকল্পের মূল উদ্দেশ্য। এই প্রকল্পের মাধ্যমে কৃষকরা বিন্দু সেচ ও ফোয়ারা সেচ সম্বলিত ক্ষুদ্র সেচ ব্যবস্থার যন্ত্রাদি বিনামূল্যে (জিএসটি ব্যতীত) পেতে পারেন।

### কারা এই সুবিধা পাবেন -

পশ্চিমবঙ্গের অধিবাসী যে কোন ক্ষুদ্র ও প্রান্তিক চাষী এই প্রকল্পের সুবিধা পেতে পারেন।

### কী কী নথি লাগবে ?

- জমির পরচা/RoR -এর স্বপ্রত্যয়িত ফটোকপি
- আধার কার্ড-এর স্বপ্রত্যয়িত ফটোকপি
- EPIC/ভোটার আইডি'র ফটোকপি (ঐচ্ছিক)
- ব্যাংক আকাউন্ট কেবলমাত্র আবেদনকারীর নামে হতে হবে। ব্যাংকের পাশবইয়ে আকাউন্ট নম্বর, ব্যাংকের ঠিকানা, আই এফ এস কোড এবং এম আই সি আর কোড সহ অন্যান্য দরকারী তথ্য সম্বলিত পৃষ্ঠার স্বপ্রত্যয়িত ফটোকপি।
- ব্যাংকের সাথে সংযুক্ত (linked) মোবাইল নম্বর
- আবেদনকারীর বর্তমান রঙিন একটি পাসপোর্ট সাইজ ছবি

### কোথায় যোগাযোগ করবেন -

- দুয়ারে সরকার ক্যাম্পে কৃষি দপ্তরের কাউন্টারে
- সংশ্লিষ্ট ব্লক সহকারী কৃষি অধিকর্তার করণ-এ
- বিশদে জানার জন্যে কৃষকেরা ০৩৩-২৩৫৭ ২৩৫৭ নম্বরে যোগাযোগ করতে পারেন

পশ্চিমবঙ্গ সরকার